



আজ পূর্বাচল প্লট অনিয়মে শেখ হাসিনাসহ ২২ জনের রায়



শেখ হাসিনা | ছবি: সংগৃহীত

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) পূর্বাচল নতুন শহর প্রকল্পে সরকারি প্লট বরাদ্দে অনিয়মের অভিযোগে দায়ের করা পৃথক দুই মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে আজ রায় ঘোষণা হবে। ঢাকার বিশেষ জজ আদালত-৪ এ এ রায় দেবেন বিচারক রবিউল আলম। এই মামলাগুলোতে শেখ হাসিনার পাশাপাশি তার ছোটবোন শেখ রেহানার তিন সন্তান—টিউলিপ সিদ্দিক, রাদওয়ান মুজিব সিদ্দিক ও আজমিনা সিদ্দিকসহ মোট ২২ জন আসামি রয়েছেন। অভিযুক্তদের মধ্যে রাজউক ও গণপূর্ত মন্ত্রণালয়ের কয়েকজন কর্মকর্তার নামও আছে। মামলার ২১ আসামি বর্তমানে পলাতক। অভিযোগপত্রে বলা হয়েছে, আসামিরা পারস্পরিক যোগসাজশে শহরে নিজেদের বিদ্যমান আবাসন সুবিধার তথ্য গোপন করে প্লট বরাদ্দ নেন। এতে প্রযোজ্য আইন, বিধি ও নীতিমালা লঙ্ঘিত হয়েছে বলে অভিযোগে উল্লেখ রয়েছে।

মামলার বর্ণনায় আরও বলা হয়, দায়িত্বে থাকা অবস্থায় প্রভাব খাটিয়ে পূর্বাচল প্রকল্পে একাধিক প্লট বরাদ্দ নেওয়া হয়, যা পরে পরিবারের সদস্যদের নামে হস্তান্তর করা হয়। এ প্রক্রিয়ায় রাজউকের বিধিনিষেধ মানা হয়নি বলেও অভিযোগে দাবি করা হয়েছে।

এর আগে প্লট-সংক্রান্ত চারটি মামলায় শেখ হাসিনার ২৬ বছরের কারাদণ্ড হয়েছে। বর্তমান দুই মামলাতেও সর্বোচ্চ শাস্তির আবেদন জানিয়েছেন দুদকের আইনজীবীরা। উল্লেখ্য, গত ১৩ ও ১৮ জানুয়ারি একই আদালত পৃথক আদেশে এ দুই মামলার রায়ের তারিখ নির্ধারণ করেন। সোমবার (২ ফেব্রুয়ারি) সেই রায় ঘোষণার দিন।